

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
সরেজমিন উইং
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫
www.dae.gov.bd

কৃষিই সমৃদ্ধি
জরুরি

স্মারক নম্বর: ১২.০১.০০০০.০০০.৪০.০১৯.১৮.১১৬০

তারিখ: ১৫ শ্রাবণ ১৪২৬

৩০ জুলাই ২০১৯

বিষয়: ভেজাল সার বিষয়ে তৎপরতা বৃদ্ধিকরণ।

লক্ষ্য করা যাচ্ছে যে সম্প্রতি দেশের বেশ কয়েকটি এলাকায় বৃহদাকারের ভেজাল সার কারখানা, সংরক্ষণাগারের সন্ধান পাওয়ার খবর গণমাধ্যমে প্রকাশিত হয়েছে, আইন প্রয়োগকারী সংস্থার পক্ষ হতে ভেজাল সন্দেহযুক্ত সার উৎপাদনকারী, আমদানীকারক, বাজারজাতকারী ও সংরক্ষণকারীর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। আইন প্রয়োগকারী সংস্থার পাশাপাশি বিভাগীয় তৎপরতা বৃদ্ধির জন্য বিশেষ নির্দেশ প্রদান করা হলো। নিয়মিতভাবে ভেজাল সন্দেহযুক্ত সার পরীক্ষা কার্যক্রম আরো বেগবান করতে এডিডি (শস্য) এর তত্ত্বাবধানে প্রতিটি উপজেলার সন্দেহভাজন সার ব্যবসায়ীর দোকান হতে নমুনা সার সংগ্রহ করে পরীক্ষার জন্য প্রেরণ, প্রাপ্ত ফলাফলে ভেজাল/নিম্নমান পাওয়ার সাথে সাথে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য বলা হলো। ফলাফলে ভেজাল/ নিম্নমান প্রাপ্ত সার বাজারজাতকারী প্রতিষ্ঠানের পূর্ণাঙ্গ নাম ঠিকানা ও গৃহিত ব্যবস্থা সম্পর্কে প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারীর বরাবর পাঠাতে হবে যাতে নিবন্ধন কর্তৃপক্ষ হিসেবে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা সম্ভব হয়। পরিদর্শন কালে সারের প্যাকেটে/বস্তুর গায়ে লেবেলে সারের নাম (ব্যান্ড নাম), সক্রিয় উপাদান, উৎপাদনকারী দেশের নাম, প্রস্তুতকারকের নাম, সারের পরিমাণ, উৎপাদন তারিখ, সর্বোচ্চ খুচরা মূল্য, ডিএই'র নিবন্ধন নম্বর, প্রতিষ্ঠানের পূর্ণাঙ্গ ঠিকানা মোবাইল নম্বর আছে কী না তা পর্যবেক্ষণে নিতে হবে। প্রয়োজনে এ বিষয়ে যে কোন তথ্যের জন্য এডিডি (উপকরণ), ডিডি (সার ব্যবস্থাপনা) অথবা অতিরিক্ত পরিচালক (উপকরণ) এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

বিষয়টি অতিব গুরুত্বপূর্ণ।



৩০-৭-২০১৯

ড. মোঃ আবদুল মুঈদ
পরিচালক

ইমেইল: dfs@dae.gov.bd

স্মারক নম্বর: ১২.০১.০০০০.০০০.৪০.০১৯.১৮.১১৬০/১(৬)

তারিখ: ১৫ শ্রাবণ ১৪২৬

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত পরিচালক..... (সকল) অঞ্চল, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
- ২) অতিরিক্ত পরিচালক (উপকরণ), সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
- ৩) উপ-পরিচালক.....(সকল) জেলা, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (আপনার আওতাধীন সকল উপজেলা কৃষি অফিসারকে পত্রটির বিষয়ে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)
- ৪) অতিরিক্ত উপপরিচালক, উপকরণ, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর।
- ৫) অতিরিক্ত উপপরিচালক, কন্ট্রোল রুম, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (আপনাকে উক্ত পত্রটি সকল এডি, ডিডি ও উপজেলা কৃষি অফিসারকে প্রেরণের জন্য অনুরোধ করা হলো)
- ৬) মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।



৩০-৭-২০১৯

ড. মোঃ আবদুল মুঈদ
পরিচালক